দৈনিক
ইত্তেফাক

তারিখ 9 SEP 2012
পৃষ্ঠা 8

# নিরক্ষরতা দূরীকরণে বাজেট বরাদ্দের দাবি

## আন্তর্জাতিক সাক্ষরতা দিবস পালন

■ ইত্তেফাক রিপোর্ট

নিরক্ষরতা দূরীকরণে সুনির্দিষ্ট বাজেট বরাদ্দের দাবি জানিয়েছেন শিক্ষক ও শিক্ষাবিদরা। গতকাল শনিবার রাজধানীর জাতীয় প্রেসক্লাবের সামনে আয়োজিত মানববন্ধন কর্মসূচি থেকে এ দাবি জানানো হয়। আন্তর্জাতিক সাক্ষরতা দিবস উদ্‌যাপন উপলক্ষে আমার অধিকার ক্যাম্পেইন সাক্ষরতা ও প্রাথমিক শিক্ষা সংলাপ, র‌্যালি এবং মানববন্ধন কর্মসূচির আয়োজন করে।

কর্মসূচিতে চলচ্চিত্র পরিচালক মোর্শেদুল ইসলাম, জাতীয় শিক্ষানীতি প্রণয়ন কমিটির সদস্য ও জাতীয় বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ প্রফেসর কাজী ফারুক আহমেদ, বাংলাদেশ অর্থনীতি সমিতির সহ-সভাপতি প্রফেসর হান্নানা বেগম এবং আমার অধিকার ক্যাম্পেইন-এর চেয়ারপার্সন ড. নিলুফার বানু প্রমুখ উপস্থিত ছিলেন।

বক্তারা বলেন, বর্তমানে সাক্ষরতা বলতে শুধুমাত্র অক্ষরজ্ঞানসম্পন্নতাকেই বোঝায় না। দিন দিন এর পরিধি বৃদ্ধি পাচ্ছে। এক্ষেত্রে লেখাপড়া ও হিসাব-নিকাশের পাশাপাশি যোগাযোগের দক্ষতা, ক্ষমতায়নের দক্ষতা ও সাংগঠনিক দক্ষতাও সংযোজিত হয়েছে। বিজ্ঞানের অগ্রগতির ফলে আমাদের দেশে ও সমাজে যে পরিবর্তন হচ্ছে তার পেছনে সাক্ষরতার অনেক ভূমিকা আছে। তাই জ্ঞান ও তথ্য প্রযুক্তির প্রসারের ফলে 'সাক্ষরতা' কথাটি আরও ব্যাপক অর্থে ব্যবহার করা হচ্ছে। ফলে শুধুমাত্র অক্ষরজ্ঞানের মধ্যে সাক্ষরতা সীমাবদ্ধ না থেকে প্রতিটি সক্ষম ব্যক্তিকে তার দৈনন্দিন জীবনের সমস্যা সমাধানের লক্ষ্যে সাক্ষরতার সঙ্গে স্বাস্থ্য ও পরিবেশ, পরিবার পরিকল্পনা, রাজনীতি, পরিবার, সমাজ ও রাষ্ট্রের প্রতি দায়িত্ব পালনের কথা বলা প্রয়োজন।